

🗏 ইয়াসীন | Ya-Sin | ৯০০

আয়াতঃ ৩৬: ৭০

💵 আরবি মূল আয়াত:

لِّيُنذِرَ مَن كَانَ حَيًّا قَ يَحِقَّ القَولُ عَلَى الكَفِرِينَ ﴿٧٠﴾

🗚 অনুবাদসমূহ:

যাতে তা সতর্ক করতে পারে ঐ ব্যক্তিকে যে জীবিত এবং যাতে কাফিরদের বিরুদ্ধে অভিযোগবাণী প্রমাণিত হয়।
— আল-বায়ান

যাতে সে (আত্মিকভাবে) জীবিতকে সতর্ক করতে পারে আর কাফিরদের বিরুদ্ধে অকাট্য দলীল হতে পারে। — তাইসিক্রল

যাতে সে সতর্ক করতে পারে জীবিতদেরকে এবং যাতে কাফিরদের বিরুদ্ধে শাস্তির কথা সত্য হতে পারে। — মুজিবুর রহমান

To warn whoever is alive and justify the word against the disbelievers. — Sahih International

৭০. যাতে তা সতর্ক করতে পারে জীবিতকে এবং যাতে কাফিরদের বিরুদ্ধে শাস্তির কথা সত্য হতে পারে।

তাফসীরে জাকারিয়া

- (৭০) যাতে সে জীবিত (জাগ্রতচিত্ত) ব্যক্তিদেরকে সতর্ক করতে পারে[1] এবং অবিশ্বাসীদের বিরুদ্ধে শাস্তির কথা সাব্যস্ত হয়। [2]
 - [1] অর্থাৎ, যার অন্তর শুদ্ধ ও সজাগ আছে সে সত্য গ্রহণ করে এবং বাতিল প্রত্যাখ্যান করে। لِيُنْذِرَ (সতর্ক করতে পারে) ক্রিয়ার কর্তা হল কুরআন।
 - [2] অর্থাৎ, যে ব্যক্তি অবিশ্বাস ও কৃষ্ণরীর উপর অটল থাকবে, তার উপর আযাব সাব্যস্ত হবে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3775

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন